

## বিজ্ঞপ্তি

জুভেনাইল জাস্টিস বোর্ড-এর সমাজসেবী সদস্য/সদস্যা এবং চাইল্ড ওয়েলফেয়ার কমিটির চেয়ারপার্সন ও সদস্য/সদস্যা নির্বাচনের জন্য আবেদন করার

### সময়সীমা বৃদ্ধি

জুভেনাইল জাস্টিস (কেয়ার এন্ড প্রোটেকশান অব চিলড্রেন) অ্যাক্ট ২০১৫ এবং জুভেনাইল জাস্টিস (কেয়ার এন্ড প্রোটেকশান অব চিলড্রেন) মডেল রুলস ২০১৬ অনুসারে ত্রিপুরার আট জেলায় পৃথক পৃথক জুভেনাইল জাস্টিস বোর্ডের সমাজসেবী সদস্য/সদস্যা এবং চাইল্ড ওয়েলফেয়ার কমিটির চেয়ারপার্সন ও সদস্য/সদস্যা নির্বাচনের জন্য উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্রের জন্য সময়সীমা বৃদ্ধি করা হয়েছে।

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের ওয়েবসাইট [www.tripurawelfare.nic.in](http://www.tripurawelfare.nic.in) -এ প্রদত্ত আবেদনপত্রের নমুনা অনুসারে আবেদন করতে হবে এবং জমা দিতে হবে এই ঠিকানায় - অধিকর্তা, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা অধিকার, উজান অভয়নগর, আগরতলা, ত্রিপুরা, পিন - ৭৯৯০০৫। উপরোক্ত পদগুলির বিস্তারিত যোগ্যতা এবং শর্তাবলী দপ্তরের ওয়েবসাইটে দেওয়া হয়েছে।

আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন ৬-ই (ছয়) মে ২০১৭, বিকেল পাঁচটা পর্যন্ত। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন এবং পাশপোর্ট সাইজ রঙিন ছবি ও প্রাসঙ্গিক কাগজপত্রের স্ব-প্রত্যয়িত কপি ছাড়া আবেদন বিবেচিত হবে না। প্রয়োজনে ব্যক্তিগত সাফাৎকারের জন্য ডাকা হতে পারে।

আগ্রহীরা জুভেনাইল জাস্টিস (কেয়ার এন্ড প্রোটেকশান অব চিলড্রেন) অ্যাক্ট ২০১৫ এবং জুভেনাইল জাস্টিস (কেয়ার এন্ড প্রোটেকশান অব চিলড্রেন) মডেল রুলস ২০১৬ সম্পর্কে বিস্তারিত জানতে [www.wcd.nic.in](http://www.wcd.nic.in) এবং [www.tripurawelfare.nic.in](http://www.tripurawelfare.nic.in) ওয়েবসাইট দেখে নিতে পারেন।

অধিকর্তা

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর  
ত্রিপুরা সরকার